

ঢাবিতে আধুনিক কম্পিউটার ল্যাব উদ্বোধন

প্রেস বিজ্ঞপ্তি : ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটে গতকাল (বুধবার) কোইকার (KOICA) সরবরাহকৃত কম্পিউটার ও যন্ত্রপাতিসমূহ একটি আধুনিক কম্পিউটার ল্যাব-এর উদ্বোধন করা হয়। বিজ্ঞান ও তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী ডঃ আবদুল মঈন খান প্রধান অতিথি হিসেবে এই ল্যাব-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক এ কে এম মকবুলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এস এম এ ফায়েজ, ঢাকা দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত মিঃ পী কু হ্যাং এবং কোইকার নির্বাহী পরিচালক কুং সু পী।

প্রধান অতিথির ভাষণে ডঃ আব্দুল মঈন খান বলেন, বর্তমান সরকার তথ্য-প্রযুক্তির ক্ষেত্রে বাংলাদেশে দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে দেশের উন্নতির ও অগ্রগতির জন্য ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। তিনি বলেন, বর্তমান যুগ হচ্ছে তথ্য-প্রযুক্তির যুগ এবং সারা বিশ্বে এই তথ্য-প্রযুক্তি সর্বক্ষেত্রে নেতৃত্ব দিচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এস এম এ ফায়েজ এই ল্যাব প্রতিষ্ঠার কম্পিউটার ও আধুনিক যন্ত্রপাতি প্রদানের জন্য দক্ষিণ কোরিয়ার সরকার, জনগণ ও কোইকারকে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, এই ল্যাব দ্বারা ইনস্টিটিউটের ছাত্র-ছাত্রী, শিক্ষক ও গবেষকই কেবল উপকৃত হবে না, বরং তারা দেশের তথ্য-প্রযুক্তির ক্ষেত্রে অসাধারণ অবদান রাখতে সক্ষম হবেন।

দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত মিঃ পী কু হ্যাং বলেন, তার দেশ বাংলাদেশে তথ্য প্রযুক্তিসহ বিভিন্ন ক্ষেত্রে সাহায্য-সহযোগিতা প্রদান অব্যাহত রাখবে।